

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম- ৬ষ্ঠ পর্যায়
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১২৯৬, খেলাঘর, রেইসকোর্স, কুমিল্লা।
Email: msgscumilla@gmail.com
ফোন ০২৩৩৪৪০৬৩০৯

নং-১৬.০৫.১৯০০.১০১.১১.০০১.২২-৫৪

তারিখ : ২২/০৩/২০২৩খ্রি:

শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়িত “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়” শীর্ষক প্রকল্পের কুমিল্লা জেলা কার্যালয়ের অধীনে প্রকল্প মেয়াদ (৩১/১২/২০২৫খ্রি: পর্যন্ত) প্রাথমিক, ধর্মীয় শিক্ষা (বয়স্ক) ও ধর্মীয় শিক্ষা (শিশু) শিক্ষাকেন্দ্রের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ৬২টি শিক্ষাকেন্দ্রে “শিক্ষক পদে” লোক নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ছক “ক” তে কেন্দ্র তালিকা সন্নিবেশিত আছে।

শর্তাবলী :

- ১) আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং শিক্ষাকেন্দ্র/মন্দিরের নিকটবর্তী স্থানে স্থায়ীভাবে বসবাসরত হতে হবে।
- ২) প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী, সনাতন ধর্ম বিষয়ে জ্ঞানসম্পন্ন ও গীতা পাঠে অভিজ্ঞ হতে হবে।
- ৩) পরীক্ষার্থীর নির্ধারিত আবেদনফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি কুমিল্লা জেলা কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, কুমিল্লা জেলা কার্যালয়ের ওয়েবসাইট www.hrwt.comilla.gov.bd, কুমিল্লা জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইট www.comilla.gov.bd ও কুমিল্লা জেলার প্রাথমিক শিক্ষা অফিসের ওয়েবসাইট www.dpe.comilla.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।
- ৪) সহকারী প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম- ৬ষ্ঠ পর্যায়, ১২৯৬, খেলাঘর, মফিজউদ্দিন সড়ক, রেইসকোর্স, কুমিল্লা বরাবর প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে তিন কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি, চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও ভোটার আইডি কার্ডসহ সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আগামী ১০/০৪/২০২৩খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে।
- ৫) প্রার্থীর বয়স (১০/০৪/২০২৩খ্রি:) তারিখে ২১ হতে ৪৫ বছরের মধ্যে হতে হবে। তবে সর্বোচ্চ বয়স নির্ধারণের ক্ষেত্রে ২৫/০৩/২০২০ইং তারিখে ৪৫ বছর হলেও আবেদন করার সুযোগ পাবেন।
- ৬) সকল ধরনের কেন্দ্র সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত সপ্তাহে অন্যান্য দিন ০২ ঘণ্টা ৩০ মিনিট করে পাঠদান করতে হবে। কর্মকালে শিক্ষক সম্মানী হিসেবে মাসিক =৫,০০০/-টাকা ও বছরে ২টি উৎসব ভাতা প্রদান করা হবে।
- ৭) প্রার্থীকে নূন্যতম এস এস সি পাশ হতে হবে।
- ৮) অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ৯) লিখিত ও মৌখিক পরীক্ষা এবং প্রবেশপত্র সংগ্রহের সময় পরবর্তীতে প্রার্থীর মোবাইল ও ম্যাসেজের মাধ্যমে জানান হবে।
- ১০) পরীক্ষার দিন সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে।
- ১১) প্রার্থীগণকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ, ডিএ, প্রদান করা হবে না।
- ১২) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩) উপযুক্ত শর্তাবলী যেকোন অংশ সংশোধন/সংযোজনসহ যেকোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(লিটন চন্দ্র সরকার)

সহকারী প্রকল্প পরিচালক

ও

সদস্য সচিব

মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম- ৬ষ্ঠ, কুমিল্লা।